



# ST. LAWRENCE HIGH SCHOOL

3<sup>rd</sup> Term Examination (Question cum Model Answer)



Amit Kundu  
13/11/2018

Sub: BENGALI GRAMMER & COMP. Class: 8A/8B/8C/8D F. M. 80

Duration: 2 HOURS 30 MINUTES Date: 13.11.2018

## বিভাগ - ক

- ১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :- (১x৫=৫)
- ১.১ সমাস মূলত কয় প্রকার?  
(গ) পাঁচ
- ১.২ সাধারণ বিশেষ্য বা বিশেষণ শব্দের সঙ্গে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে বলে —  
(গ) নাম ধাতু
- ১.৩ 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি।' - 'উঠিয়া' হল —  
(খ) অসমাপিকা ক্রিয়া
- ১.৪ স্বর্গ হইতে ভ্রষ্ট - এই ব্যাসবাক্যটি হল —  
(গ) অপাদান তৎপুরুষ
- ১.৫ ক্রিয়ার মূল অংশকে বলে —  
(খ) ধাতু
- ২। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :- (১x১০=১০)
- ২.১ 'বালকেরা' শব্দে 'এরা' কোন্ বিভক্তি? — শব্দ বিভক্তি।
- ২.২ 'রাজর্ষি' শব্দের ব্যাসবাক্য লেখো। — যিনি রাজা তিনিই ঋষি।
- ২.৩ বর্ণনামূলক সমাস কোন্টি? — বহুব্রীহি সমাস।
- ২.৪ 'যদি তুমি মন দিয়ে পড়, তাহলেই পরীক্ষায় ভাল ফল করবে' — কোন্ শ্রেণীর বাক্য এটি? — জটিল বাক্য।
- ২.৫ নির্দেশসূচক বাক্য কাকে বলে? — যে বাক্যে কোনো বিষয়ে নির্দিষ্ট করে কিছু বলা হয়।
- ২.৬ দেশকে ভালোবাসো এবং দেশের সেবা কর। (সরল বাক্যে রূপান্তর কর) — দেশকে ভালোবেসে দেশের সেবা কর।
- ২.৭ অসুস্থ থাকায় রমেশ স্কুলে যেতে পারেনি। (যৌগিক বাক্যে রূপান্তর কর) — রমেশ অসুস্থ ছিল তাই স্কুলে যেতে পারেনি।
- ২.৮ তদ্ধিতান্ত শব্দ কাকে বলে? — তদ্ধিত প্রত্যয় নিষ্পন্ন শব্দকে তদ্ধিতান্ত শব্দ বলে।
- ২.৯ কোন্ সমাসে পূর্বপদ ও পরপদ উভয়েরই সমান প্রাধান্য থাকে? — দ্বন্দ্ব সমাসে।
- ২.১০ \_\_\_\_\_ + তব্য = বক্তব্য (শূন্যস্থান পূরণ করো) — বহু।

বিভাগ - খ

- ৩। প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও :- (২x৫=১০)
- ৩.১ 'দ্বন্দ্ব' শব্দের মূল অর্থ কি? আশ্রয়মূলক সমাস কয়টি? — মূল অর্থ জোড়া। তিনটি।
- ৩.২ সঠিক বাক্য রচনার জন্য কয়টি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে? একটি উদ্দেশ্য প্রসারক বাক্যের উদাহরণ দাও। — তিনটি। সত্যবাদী পিতৃভক্ত রাম পিতৃসত্য পালনের জন্য বনে গেলেন।
- ৩.৩ অর্থ অনুসারে বাক্য কয় প্রকার? একটি সন্দেহদ্যোতক বাক্যের উদাহরণ দাও। — সাত প্রকার। লোকটি বোধহয় টাকাটা চুরি করেছে।
- ৩.৪ খণ্ড বাক্য কাকে বলে? একটি নাস্ত্যর্থক বাক্যের উদাহরণ দাও। — বাক্যের অন্তর্গত উদ্দেশ্য ও ক্রিয়াসহ অর্থবোধক অংশগুলিকে খণ্ডবাক্য বা বাক্যাংশ বলে। রাম ভালো ছেলে নয়।
- ৩.৫ রঘু + যঃ = ? গম্ + তব্য = ? — রঘু + যঃ = রাঘব। গম্ + তব্য = গম্ভব্য।
- ৪। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :- (৩x৫=১৫)
- ৪.১ পদ কাকে বলে? শব্দ ও পদের মধ্যে পার্থক্য কি? — বিভক্তিয়ুক্ত শব্দকে পদ বলে। শব্দ হল বিভক্তিহীন, পদ হল বিভক্তিয়ুক্ত।
- ৪.২ একটিমাত্র উদ্দেশ্য ও একটিমাত্র সমাপিকা ক্রিয়া কোন্ বাক্যে থাকে? একটি মিশ্রবাক্যের উদাহরণ দাও। — সরল বাক্য। যে ছেলেটিকে তুমি দেখেছো সে আমার ভাই হয়।
- ৪.৩ একটি বাক্যে কয়টি অংশ থাকে? একটি যোগ্যতাহীন বাক্যের উদাহরণ দাও। — দুটি। হাঁস মাটিতে সাঁতার দিচ্ছে।
- ৪.৪ 'দ্বিগুণ' শব্দের অর্থ কি? পূর্বপদ ও পরপদ উভয়ই বিশেষ্যপদ, এমন একটি কর্মধারয় সমাসের ব্যাসবাক্যে উদাহরণ দাও। — দ্বি (দুই) গরুর সমষ্টি। যিনি পিতা তিনিই ঠাকুর।
- ৪.৫ 'ব্যাসবাক্যের' আর এক নাম কি? 'পথের রাজা'-র সমস্তপদটি কি হবে এবং সেটি দিয়ে একটি বাক্য রচনা করো। — বিগ্রহবাক্য বা সমাসবাক্য। রাজপথ। রাজপথে চলে বাষ্পশকট।
- ৪.৬ 'আই', 'টিয়া', 'খানা' প্রত্যয়গুলি দিয়ে তিনটি শব্দ তৈরী করে সেগুলি দিয়ে তিনটি বাক্য রচনা করো। — • মোগল + আই = মোগলাই। আমি মোগলাই খানা পছন্দ করি। • ভাড়া + টিয়া = ভাড়াটিয়া। আমার ভাড়াটিয়া ভদ্রলোকটি বেশ ভালো মানুষ। • ডাক্তার + খানা = ডাক্তারখানা। বাবা ডাক্তারখানায় গেছেন।

৪.৭ অর্থের সম্পূর্ণতার দিক থেকে ক্রিয়াপদ কয়টি? প্রতিটির একটি করে বাক্যে উদাহরণ দাও। — দুটি। রূপা গান গাইছে। ছেলোট কাঁদতে কাঁদতে ঘুমিয়ে পড়ল।

বিভাগ - গ

৫। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :- (২x৫=১০)

- ৪.১ ধাতু কাকে বলে? ধাতুর শ্রেণীবিভাগ করে প্রতিটির একটি করে উদাহরণ দাও। — ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে যে অবিভাজ্য মৌলিক অংশ পাওয়া যায়, যার দ্বারা ক্রিয়াপদের অন্তর্নিহিত অর্থ প্রকাশ পায়, তাকে ধাতু বলে। (১) মৌলিক বা সিদ্ধ ধাতু (২) সাধিত ধাতু (৩) সংযোগমূলক ধাতু। যেমন — (১) চল্ ধাতু। (২) করা - কর্ + আ। (৩) দান + কর্ = দান করা অর্থে।
- ৪.২ বিভক্তি কাকে বলে? বিভক্তির শ্রেণীবিভাগ করে প্রতিটির একটি করে উদাহরণ দাও। — বিভক্তি হল এক বা একাধিক বর্ণগুচ্ছ বা শব্দ বা ধাতুতে যুক্ত হয়ে নতুন শব্দ সৃষ্টি করে। — ‘ভাষা বিচিত্রা’ গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৭৯) দ্রষ্টব্য।
- ৪.৩ বহুব্রীহি সমাস কাকে বলে? উদাহরণ দাও। — ‘ভাষা বিচিত্রা’ গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৬৪) দ্রষ্টব্য।
- ৪.৪ অব্যয়ীভাব সমাস কাকে বলে? উদাহরণ দাও। — ‘ভাষা বিচিত্রা’ গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৬৩) দ্রষ্টব্য।
- ৪.৫ সাধু ও চলিত ভাষা কাকে বলে? উদাহরণ দাও। — ‘ভাষা বিচিত্রা’ গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৯০-৯১) দ্রষ্টব্য।

৬। চিঠি লেখো (যে কোনো একটি) :- (১x১৪=১৪)

- (ক) তুমি কয়েকজন বন্ধুর সঙ্গে সম্প্রতি বনভোজন (picnic) করতে গিয়েছিলে। সেই ঘটনার বিবরণ দিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখো। — ব্যক্তিগত চিঠির রীতি অনুসরণ করে খামসহ বিষয়ের আলোচনা করবে।
- (খ) তোমার অঞ্চলে গ্রীষ্মকালে প্রচণ্ড জলকষ্ট হয়, তাই একটি নতুন নলকূপ বসানোর অনুরোধ জানিয়ে স্থানীয় পুরপিতাকে একটি পত্র লেখো। — আবেদনপত্রের রীতি অনুসরণ করে খামসহ বিষয়ের আলোচনা করবে।

৭। যে কোনো একটি প্রবন্ধ রচনা করো (৩০০ শব্দে) :- (১x১৬=১৬)

- (ক) সন্ত টেরেজা  
(খ) শিক্ষা বিস্তারে গ্রন্থাগার বা লাইব্রেরীর ভূমিকা  
(গ) একটি বর্ষগমুখর দিন
- যে কোনো একটি রচনা লেখার সময় প্রথমে ভূমিকা ও শেষে উপসংহারসহ বিষয়ের আলোচনা করতে হবে।  
— নির্দিষ্ট শব্দ সংখ্যার মধ্যে উত্তর লেখার চেষ্টা করতে হবে।